

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(সূক্ষ্ম)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে মাঘ ১৪০৬, ৮ই ফেব্রুয়ারী ২০০০ইং

এস,আর,ও নং ৪২-আইন/২০০০/১৮১৯/সূক্ষ্ম।- Customs Act, 1969 (IV of 1969) এর section 25C এর সহিত পঠিতব্য section 25(3) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, -

- (ক) প্রি-শিপমেন্ট ইন্সপেকশন এজেন্সী কর্তৃক পরিদর্শনের প্রয়োজন হয় এইরূপ আমদানিকৃত পণ্যের উপরে দফা (খ) এ বর্ণিত মূল্যের শতকরা একভাগ হারে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্ভিস চার্জ আরোপ করিল; এবং
- (খ) নির্ধারণ করিল যে, উক্ত সার্ভিস চার্জ আরোপনের উদ্দেশ্যে উক্ত পণ্যের মূল্য হইবে সংশ্লিষ্ট পণ্যের চালান (consignment) ভিত্তিক সি,আই,এফ মূল্য।

২। এই প্রজ্ঞাপন আগামী ৩রা ফাল্গুন, ১৪০৬ বাংলা মোতাবেক ১৫ই ফেব্রুয়ারী ২০০০ ইংরেজী তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আব্দুল মুয়ীদ চৌধুরী

সচিব।